




ইউজিসির মেধাবৃত্তি ও মেধাবী প্রতিবন্ধীদের জন্য মনোনয়ন আহবান

(ক) এতদ্বারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (মাস্টার্স) শ্রেণীতে অধ্যয়নরত (সর্বশেষ অনার্স কোর্স সম্পন্নকারী) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা অত্র বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) পরীক্ষা সম্পন্ন করেছেন তাদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরধারীদের কাছ থেকে ইউজিসি মেধাবৃত্তির জন্য মনোনয়ন আহবান করা হ'ল।

(খ) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত প্রতিবন্ধী (দৃষ্টিহীন প্রতিবন্ধীদেরকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টার পরীক্ষার রেজাল্ট পেয়েছে (পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় থেকে প্রকাশিত হয়েছে) তাদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরধারীদের কাছ থেকে ইউজিসির মেধাবৃত্তির জন্য মনোনয়ন আহবান করা হলো। যোগ্যতাসম্পন্ন অগ্রহী প্রার্থীদেরকে ২য়/৪র্থ/৬ষ্ঠ সেমিস্টারের ফলাফল কপিসহ আগামী ১৪/০৮/২০২২ইং তারিখের মধ্যে www.ugc.gov.bd ওয়েব সাইট থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করে পূরণপূর্বক সকল কাগজপত্রাদি বিভাগ ও সংশ্লিষ্ট অনুষদের মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ ইউজিসি থেকে প্রেরিত বিজ্ঞাপন কপি (১ পাতা)।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-


২০/০৭/২০২২

(মোঃ দলিলুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়


২০/০৭/২২

প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ:

১। বিভাগীয় প্রধান, ইংরেজি/ অর্থনীতি/ লোক প্রশাসন/ গণিত/ ব্যবস্থাপনা শিক্ষা/ এআইএস/ মার্কেটিং/ সিএসই/ আইসিটি/ নৃবিজ্ঞান/ বাংলা/ পদার্থবিজ্ঞান/ পরিসংখ্যান/ রসায়ন/ ফার্মেসী/ প্রত্নতত্ত্ব/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং / গণযোগাযোগ ও সাংবাদিকতা / আইন বিভাগ কু.বি।

(উত্তীর্ণ সকল শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহকারে)

২। আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।

৩। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।

৪। সকল নোটিশ বোর্ড, কু:বি:।

অনুলিপি:

১। ডিন, বিজ্ঞান/প্রকৌশল/সামাজিকবিজ্ঞান/কলা ও মানবিক/বিজনেস স্টাডিজ/আইন অনুষদ, কু.বি।

(স্ব-স্ব অনুষদ থেকে অগ্রায়নকপিসহ একজন করে মনোনয়ন দেয়ার অনুরোধসহকারে)।

২। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।

৩। অফিস কপি



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.৩৭৬

তারিখ: ৯ আষাঢ়. ১৪২৯

২৩ জুন ২০২২

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি ২০২২ এর মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র প্রকৌশল, কৃষি ও চিকিৎসা বিষয়ক অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে (প্রতি বছর হিসাবে মোট ০৪ বছরের জন্য) বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীর বিবরণ একই তালিকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

৫। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৬। এমতাবস্থায়, মনোনয়নকারী শিক্ষার্থীদের মনোনয়ন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ৩১-০৮-২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (বি:দ্র: প্রত্যেক অনুষদের আবেদন পত্র ও বিবরণসহ অবশ্যই তাদের রেজিস্ট্রারের অগ্রায়নপত্রের (শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকাসহ) মাধ্যমে একসাথে পাঠাতে হবে)।

উক্ত পত্র জারীর পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোন মনোনয়ন আহ্বান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নির্দেশনামতে কমিশনামত কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য বলা হ'ল।



Handwritten signature